

বিশ্বাস করি মৃত্যুর আগে জীবন...



জীবন ও ব্যক্তি স্বাধীনতা সংবিধানের একটি অন্যতম অধিকার। কিন্তু এই অধিকার যখন বিপন্ন হয়, তখন তথ্যের অধিকারের মাধ্যমেই ওই বিপদ থেকে মুক্ত হওয়া যায়। আটক লোক কোথায় আছে? জেলে চিকিৎসার কী ব্যবস্থা রয়েছে? জেলে ও থানাগারদে বন্দীমৃত্যুর কারণ কী ইত্যাদি সহজেই তথ্যের অধিকার আইনের মাধ্যমে জানা যায়। আইনটির ৭ নম্বর ধারা অনুযায়ী এইসব তথ্য ৩০ দিন নয়, ৪৮ ঘণ্টার মধ্যে নির্দিষ্ট সরকারি অফিস দিতে বাধ্য। এক্ষেত্রে আপনি তথ্য হিসেব চাইতে পারেন।

- ▶ গ্রেফতার সংক্রান্ত যাবতীয় তথ্য, দলিল, নথিপত্র
- ▶ ডায়েরি, এফআইআর-এর কপি
- ▶ জেলের ভিতরের চিকিৎসা বিষয়ক তথ্য

তথ্যের অধিকার আইন

২০০৫ অনুযায়ী :

তথ্য জানার জন্য আপনি :

- ▶ লিখিতভাবে তথ্য চাইতে পারেন {ধারা ৬-(১)}
- ▶ দলিল দস্তাবেজ, কাগজপত্র দেখতে চাইতে পারেন {ধারা ২-(জে)}

কীভাবে

- ▶ প্রত্যেক সরকারি অফিসে পাবলিক ইনফরমেশন অফিসার (পিআইও) নিযুক্ত হয়েছে {ধারা ৫-(১)}
- ▶ তথ্য জানার জন্য নামমাত্র ফি সহ আবেদন, আপনাকে পিআইও-র কাছে জমা দিতে হবে। আর পিআইও আবেদনের প্রাপ্তিস্বীকার করবেন {ধারা ৬-(১)}

- ▶ আবেদন জমা পড়ার ৩০ দিনের মধ্যে আপনার তথ্য পাওয়ার কথা {ধারা ৭-(১)}
- ▶ তথ্য পাওয়ার (অর্থাৎ তথ্যের ফটোকপি, সই করা প্রতিলিপি পাওয়া বা তথ্য দেখার জন্যও) আপনাকে ফি দিতে হবে {ধারা ৭-(৩)}
- ▶ দারিদ্রসীমার নিচে যাঁরা আছেন বা বিপিএলদের কোনো ফি দিতে হবে না {ধারা ৭-(৫)}

তথ্য না পেলে বা ভুল তথ্য পেলে আপনি

- ▶ ওই একই অফিসের বা দফতরের প্রথম আপিল আধিকারিকের কাছে আবেদন করুন। সাথে আপনার পুরনো আবেদন পত্রের কপিটিও জুড়ে দিন {ধারা ১৯-(১)}
- ▶ এর পরেও তথ্য না পেলে, রাজ্য সরকারের ক্ষেত্রে রাজ্য তথ্য কমিশন ও কেন্দ্রীয় সরকারের ক্ষেত্রে কেন্দ্রীয় তথ্য কমিশনে আপিল করুন {ধারা ১৯-(৩)}

- ▶ যদি পিআইও আপনার আবেদন না নেয় অথবা আপনার আবেদনের কোনো উত্তর ৩০ দিনের মধ্যে না দেয়, তবে সরাসরি তথ্য কমিশনে অভিযোগ জানান {ধারা ১৮-(১)}
- ▶ পিআইও আবেদন জমা না নিলে, সময়মতো তথ্য না দিলে, জেনে বুঝে ভুল, অসম্পূর্ণ তথ্য দিলে অথবা নির্দিষ্ট তথ্য নষ্ট করে ফেললে - তথ্য কমিশন সেই পিআইওকে ২৫০ থেকে ২৫ হাজার টাকা অবধি জরিমানা করতে পারে {ধারা ২০}

সমস্ত সরকারি বিভাগ ও দফতর নিজেদের দায়িত্বেই কিছু তথ্য স্বতঃস্ফূর্তভাবে ঘোষণা করবে {ধারা ৪(১)(বি)}

কমনওয়েলথ হিউম্যান রাইটস ইনিসিয়েটিভ

বি-১১৭, সর্বোদয় এনক্লোড, দোতলা, নতুন দিল্লী - ১১০ ০১৭

ফোন - ০১১ ৪৩১৮ ০২০০, ৪৩১৮০২২৫৯৯

ফ্যাক্স : ২৬৮৬ ৪৬৮৮, ইমেল - info@humanrightsinitiative.org

ওয়েবসাইট - www.humanrightsinitiative.org



স্থানীয় যোগাযোগ :

তথ্যের অধিকার বাঁচার অধিকার

তথ্য আমাদের মৌলিক অধিকার তথ্য দিতে দায়বদ্ধ সরকার